

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)  
তেজগাঁও শাখা, ১৯১/বি, গুলশান তেজগাঁও লিংক রোড, ঢাকা-১২০৮।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইউসিবি, তেজগাঁও শাখা, ঢাকা এর ঋণগ্রহীতা জনাবা শাহনাজ গজনবী, স্বামী-মোঃ লুৎফুল আহসান গজনবী, ঠিকানা- ৩৫৭/এ-৯, মধুবাগ, মগবাজার, ঢাকা-১২১৭ এর নিকট অটোলোন হিসাবে বিগত ০৫.১১.২০১৫ ইং তারিখ পর্যন্ত সুদ আসল ও অন্যান্য খরচ সহ ব্যাংকের পাওনা মোট ১৫,৬০,০০০.০০ (পনের লক্ষ ষাট হাজার) টাকা মাত্র আদায়ক্রমে ঋণ হিসাবের সহিত সমন্বয়ের নিমিত্ত নিম্ন বর্ণিত গাড়ীখানা নিলামে বিক্রয়ের জন্য আশ্রয়ী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে। উল্লেখ্য যে, ঋণগ্রহীতা উক্ত গাড়ীখানা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করিয়াছেন।

নিলামকৃত গাড়ীর বিবরণ

Car- Sedan (Toyota Chery Cowin), Engine No.- SQR 480EDED5G04546, Chassis No.- LV VDA11A56DO 60424, Color- Black, CC- 1596, Year- 2006, Registration No. Dhaka Metro –GA- 33- 1320।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ১৩.১২.২০১৫ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, তেজগাঁও শাখা, ঢাকা এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ২০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, তেজগাঁও শাখা, ঢাকা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) সর্বোচ্চ দরদাতাকে তাহার দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে গাড়ীটি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে গাড়ীটির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) দরপত্রের বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য এবং গাড়ীটি দেখিবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, তেজগাঁও শাখা, ঢাকা